FACTSHEET

দাবীত্যাগঃএই তথ্যপত্রটি কেবল শিক্ষামূলক উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। ইংরেজি থেকে সঠিক অনুবাদ করার জন্য সর্বাত্মক চেষ্টা চালানো হলেও ভাষার অনুবাদ একটি খুবই জটিল কাজ, আর তাই পৃথক পৃথক অনুবাদে ভুল থাকতেই পারে। আপনার সন্তানের জন্য এই তথ্যটি উপযোগী কিনা তা যাচাই এর জন্য অনুগ্রহ করে আপনার ডাক্তার কিংবা অন্যান্য পেশাদার স্বাস্থ্যকর্মীদের সাথে পরামর্শ করুন।

বাই-লেভেল ভেনটিলেশন
Bi-level ventilation

বাই-লেভেল ভেনটিলেশন কী?
What is Bi-Level Ventilation?

বাই-লেভেল থেরাপি (কিংবা BiPAP) শ্বাসপ্রশ্বাস সচল রাখার একটি প্রক্রিয়া যা আপনার সন্তানকে শ্বাস নেওয়ায় সহায়তা করবে। এই প্রক্রিয়ায় একটি মাস্ক এবং বাই- লেভেল মেশিন ব্যবহৃত হয়। মাস্কের মাধ্যমে এই বাই-লেভেল মেশিন শ্বাসনালী ও ফুসফুসে চাপ প্রয়োগ করে। এটি শ্বাসনালীকে উন্মুক্ত করে শ্বাসপ্রশ্বাস স্বাভাবিক রাখে।

স্বাভাবিক শ্বাসপ্রশ্বাস গুরুত্বপূর্ণ কারণ এটি অক্সিজেন গ্রহণে এবং কার্বন ডাই অক্সাইড ত্যাগে সহায়তা করে। বাই-লেভেল থেরাপিতে চাপ সরবরাহ করা হয় দুই স্তরে – শ্বাসগ্রহণ সংক্রান্ত (শ্বাস নেওয়া) এবং শ্বাসত্যাগ সংক্রান্ত (শ্বাস ফেলা) চাপ।

কেন আপনার শিশুর বাই-লেভেল ভেনটিলেশন প্রয়োজন?
Why does your child need Bi-Level Ventilation?

আপনার ডাক্তার আপনাকে বলেছে যে আপনার শিশুর সেন্ট্রাল স্লিপ অ্যাপনিয়া (Central Sleep Apnoea - CSA) কিংবা হাইপোভেন্টিলেশন নামক শ্বাসপ্রশ্বাসজনিত ব্যাধি আছে। CSA হলে ঘুমন্ত অবস্থায় কিছু সময়ের জন্য শরীর শ্বাস-প্রশ্বাস নেওয়ার ব্যাপারটি "ভুলে যায়"। হাইপোভেন্টিলেশন ঘটে যখন আপনার শিশু পর্যাপ্ত পরিমানে শ্বাস নেয় না।



CSA এবং হাইপোভেন্টিলেশন কেবল তখনই একটি সমস্যা হিসেবে দেখা দেয় যখন আপনার শিশু ঘুমায়। একারণে ঘুমন্ত অবস্থায় আপনার শিশুর বাই-লেভেল ব্যবহারের প্রয়োজন হবে। বাই-লেভেল

the children's hospital at Westmead

The Sydney children's Hospitals Network

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.

ঘুমন্ত অবস্থায় চাপ প্রয়োগ করে যাতে করে শ্বাসনালী বন্ধ হয়ে না যায়। এটি আপনার বাচ্চার শ্বাস প্রশ্বাসের হার বজায় রাখার ক্ষেত্রেও সাহায্য করে।

আপনার বাচ্চা যদি দিনের বেলা ঘুমায় তাহলেও বাই-লেভেল ব্যবহার করা গুরুত্বপূর্ণ।

আমরা কী করব?
What will we do?

আপনি যদি আপনার স্লিপ ডাক্তারের সাথে ক্লিনিকে দেখা করে থাকেন এবং সেখানে যদি এমন সিদ্ধান্ত নেওয়া হয় যে আপনার বাচ্চার বাই-লেভেল সাপোর্টের প্রয়োজন, তাহলে আপনাকে “স্লিপ ক্লিনিকে” বুক করা হবে যা প্রতি শুক্রবার অনুষ্ঠিত হয়। এই সাক্ষাতের সময় আপনার বাচ্চাকে মাস্ক পড়ানো হবে। বাই-লেভেল থেরাপি শুরুর আগে আপনার বাচ্চাকে মাস্ক পড়ায় অভ্যস্ত হতে হবে। আপনি মাস্কটি বাড়ীতে নিয়ে গিয়ে পরবর্তী কয়েকদিন আপনার বাচ্চাকে অল্প সময়ের জন্য সেটি পড়তে উৎসাহিত করবেন। আপনার বাচ্চার ঘুমানো কিংবা জেগে থাকা যেকোনো অবস্থায়ই এটি হতে পারে, কারণ এর উদ্দেশ্য হল সে মাস্কটিকে যেন ভয় না পায় তা নিশ্চিত করা। বাড়ীতে মেশিন এবং মাস্কটি ব্যবহারের জন্য ভাড়া নেওয়ার ব্যাপারেও আপনাকে তথ্য দেওয়া হবে। চিকিৎসা শুরু করার আগে আমরা তার মুখের হাড়গুলোর একটি ত্রিমাত্রিক ছবি তুলে নেব। এটি আমাদেরকে হাড়গুলোর বৃদ্ধি পর্যবেক্ষণে এবং মাস্কটি যাতে তার উপরের পাটির দাঁতগুলোতে চাপ সৃষ্টি করতে না পারে তা নিশ্চিত করতে সাহায্য করবে। ক্রমাগত মাস্ক ও চাপ প্রয়োগের চিকিৎসার পাশাপাশি প্রতি ২-৩ বছর অন্তর এই ছবি আবার নিতে হবে।

আপনার বাচ্চাকে ৩-৪ রাতের জন্য হাসপাতালে আসতে হবে যখন আমরা মেশিনের চাপ পরিবর্তন করব এবং এতে করে তারা বাই-লেভেল ব্যবহারে অভ্যস্ত হবে। এই সময়ে আপনি ক্লিনিক্যাল নার্স কনসালটেন্ট (Clinical Nurse Consultant - CNC) কিংবা ক্লিনিক্যাল নার্স স্পেশালিষ্ট (Clinical Nurse Specialist - CNS) এর সাথে সাক্ষাত করে বাই-লেভেল মেশিন সম্পর্কে শিখবেন এবং তথ্য নেবেন, যাতে করে আপনি আত্মবিশ্বাসের সাথে বাড়ীতে মেশিনটি ব্যবহার করতে পারেন। বাড়ীতে হঠাৎ বাই-লেভেল মেশিনে সমস্যা দেখা দিলে এ ব্যাপারে যোগাযোগের বিস্তারিতও আপনাকে দেওয়া হবে। আপনার বাচ্চা যদি ইতিমধ্যেই হাসপাতালে থাকে এবং আপনার স্লিপ ডাক্তার সিদ্ধান্ত নেন যে আপনার বাচ্চাকে বাই-লেভেল ভেনটিলেশন শুরু করতে হবে, তাহলে আপনি ঐ দিনই ক্লিনিক্যাল নার্স কনসালটেন্ট কিংবা ক্লিনিক্যাল নার্স স্পেশালিষ্ট এর সাথে দেখা করবেন। তারা আপনার বাচ্চাকে সঠিক মাপের মাস্ক পরিয়ে দেবে, কীভাবে তা ব্যবহার করতে হবে তা শেখাবে এবং যন্ত্রটি ভাড়ায় বাড়ীতে নিয়ে যাওয়ার ব্যাপারে তথ্য দেবে।

আপনি কীভাবে মাস্ক এবং মেশিনটি পাবেন?
How do you get the mask and machine?

চিলড্রেনস হাসপাতালে অল্প কিছু বাই- লেভেল মেশিন আছে যেগুলো আমরা একটি ফি এর বিনিময়ে পরিবারগুলোর কাছে ভাড়া দিতে পারি। আপনার সন্তানের চাহিদা অনুযায়ী মেশিনের ধরনের উপর নির্ভর করে ভাড়ার খরচ ভিন্ন ভিন্ন হবে। অনুগ্রহ করে আপনার কোনো হেলথ কেয়ার কার্ড থাকলে তা জানাবেন, যাতে আমরা মেশিনটি ক্রয় কিংবা এর জন্য অর্থ সাহায্যের আবেদনে সহায়তা করতে পারি।

আপনার বাচ্চাকে যখন প্রথমবার বাই- লেভেল লাগানো হবে তখন আপনি Westmead চিলড্রেনস হাসপাতালে মাস্ক এর জন্য একটি ফি দেবেন। এই ফি এককালীন ১০০ ডলার যা (জরুরী বিভাগের পাশে) ক্যাশিয়ারকে দিতে হবে। ৬ মাসের কম বয়সী বাচ্চা ছাড়া যেকোনো বাড়তি মাস্ক অবশ্যই খুচরা বিক্রয় কেন্দ্র থেকে কিনতে হবে।

একটি মাস্কের খুচরা মূল্য ২৫০ – ৩০০ ডলার। আমরা আপনাকে খুচরা বিক্রয় কেন্দ্র থেকে ভবিষ্যতে মাস্ক কেনার জন্য প্রয়োজনীয় বিস্তারিত তথ্য দেব।

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.

আপনার সন্তানকে কতদিন বাই-লেভেল ভেনটিলেশন ব্যবহার করতে হবে?

How long will your child need to use Bi-Level Ventilation?

অধিকাংশ ক্ষেত্রে বাই-লেভেল থেরাপি একটি দীর্ঘমেয়াদি চিকিৎসা। *এজন্য আপনার স্লিপ/রেসপিরেটরি ডাক্তারের সাথে পরবর্তীতে নিয়মিত দেখা করা জরুরী।* এছাড়া আপনার বাচ্চার অগ্রগতি পর্যবেক্ষণের জন্য নিয়মিত তার ঘুমের ধরণ পর্যালোচনার প্রয়োজন হবে।

অন্যান্য মন্তব্য

Other comments

যখন আপনার বাচ্চাকে বাই-প্যাপ সহকারে বাড়ীতে যেতে দেওয়া হবে, তখন আপনি Centrelink থেকে ‘Essential Medical Equipment Payment’ পাবার যোগ্য হবেন। এটি বাৎসরিক ১৪০ ডলার। Centrelink এ নিয়ে যাওয়ার জন্য আপনাকে এবং আপনার ডাক্তারকে একটি আবেদন পত্র পূরণ করতে হবে।

অধিকাংশ বাই-প্যাপ মেশিনে অভ্যন্তরীণ ব্যাটারি থাকে না। এ ব্যাপারে আপনাকে সচেতন থাকতে হবে, কারণ বিদ্যুৎ চলে গেলে এটি কাজ করা বন্ধ করে দেবে। আপনার পরিবারের একজন সদস্য যে বাই-প্যাপ ব্যবহার করছে তা আপনার বিদ্যুৎ সরবরাহকারী কোম্পানির সাথে যোগাযোগ করে তাদেরকে জানানোর জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। এর জন্য আমরা আপনাকে একটি ফর্ম দেব কারণ আপনি আপনার বিদ্যুৎ বিলের উপর ছাড় পাবার জন্যও যোগ্য হবেন।

আপনার বাচ্চা যদি বাড়ীতে অসুস্থ হয়ে পড়ে?

What if your child becomes unwell at home?

আপনার বাচ্চা যদি অসুস্থ হয়ে পড়ে এবং তাকে জরুরী বিভাগে আসতে হয়, তাহলে আপনাকে সাথে করে সকল বাই-লেভেল সরঞ্জাম নিয়ে আসতে হবে।

যদি আপনার বাচ্চা দ্রুত, শব্দ সহকারে শ্বাসপ্রশ্বাস নিতে থাকে কিংবা যদি মনে হয় যে তার শ্বাসপ্রশ্বাসে কষ্ট হচ্ছে তাহলে দেরি না করে আপনাকে একজন ডাক্তারের কাছে যেতে হবে।

যদি সমস্যা খুব গুরুতর হয় তাহলে হয়তো আপনি দেখবেন আপনার বাচ্চার ঠোঁটের চারপাশটি কালো হয়ে গেছে কিংবা সে থেমে থেমে শ্বাস নিচ্ছে। যদি এমন কিছু হয় তাহলে আপনার অ্যামবুলেন্স (000) ডাকা উচিৎ

যোগাযোগ করুন

Contacts

ক্লিনিক্যাল নার্স কনসালটেন্ট
(02) 9845 2572

ক্লিনিক্যাল নার্স স্পেশালিষ্ট
(02) 9845 0230

বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
(02) 9845 2602

মনে রাখবেনঃ

Remember:

- প্রতিবার ঘুমানোর সময় আপনার বাচ্চাকে বাই-লেভেল ব্যবহার করতে হবে।
- যদি পরিকল্পনা করা হয়, তাহলে হাসপাতালে আমরা বাই-লেভেল শুরুর আগে আপনার বাচ্চাকে মাস্ক পড়ায় অভ্যস্ত হতে হবে।
- আপনাকে বাই-লেভেল মেশিন কিনতে কিংবা ভাড়া নিতে হবে।
- দীর্ঘমেয়াদী ব্যবহারের জন্য আপনাকে একটি বাই-লেভেল মাস্ক কিনতে হবে।
- যেসব শিশু বাই-লেভেল ব্যবহার করছে তাদের নিয়মিত পরীক্ষা এবং ফলো-আপ এর প্রয়োজন হবে।

ছবি ব্যবহারের জন্য কৃতজ্ঞতা স্বীকার

Philips Home Healthcare -
কাস্টমার কেয়ারে যোগাযোগের নম্বরঃ
1300 766 488

Devilbiss Healthcare Australia

© The Children’s Hospital at Westmead, Sydney Children’s Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.